‘নির্ভীক সংবাদমাধ্যম ছাড়া দারিদ্র্য নিরসন সম্ভব নয়’- ডা. জাফরুল্লাহ চৌধুরী

‘সাংবাদিকরা নির্ভয়, সাংবাদিকরাই করোনাকালে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। নির্ভীক সচেতন সংবাদ মাধ্যম ছাড়া কখনোই দরিদ্রতা নিরসন হবে না। সমাজের প্রকৃত চিত্র তুলে ধরতে হবে।’

আজ সোমবার (২৮ ডিসেম্বর) দুপুরে ধানমন্ডির গণস্বাস্থ্য নগর হাসপাতালে ‘শীতকালে করোনা প্রতিরোধ ও করণীয় এবং শীতবস্ত্র বিতরণে বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান’ শীর্ষক আলোচনাসভায় এসব কথা বলেন গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরী।

ডা. জাফরুল্লাহ বলেন, সাংবাদিকরা নির্ভয়, সাংবাদিকরাই করোনাকালে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। নির্ভীক সচেতন সংবাদ মাধ্যম ছাড়া কখনোই দরিদ্রতা নিরসন হবে না। সমাজের প্রকৃত চিত্র তুলে ধরতে হবে। একটা কথা আছে মন যেটা জানেনা চোখ সেটা দেখেনা। সমস্যা ক্রমেই বাড়ছে।

জাফরুল্লাহ আরো বলেন, সাংবাদিক বন্ধুদের বলতে চাই, যতই আপনাদের বিপদ হোক, যেই নির্ভীক সাহসিকতার সাথে আপনারা কাজ করছেন, সেটাকে অব্যাহত রাখেন। সবাই মিলিত ভাবে কাজ করলে দেশের দরিদ্রতা অনেক কমবে। সবাই মিলে সংগ্রাম অব্যাহত রাখতে হবে। যতই বিপদ আসুক, আমরা মিলিতভাবে ন্যায় এবং নীতির জন্য আমাদের আন্দোলনকে অব্যহত রাখতে হবে। এই সাহসই বাংলাদেশকে সুন্দর দেশ হিসেবে প্রতিষ্ঠিত করবে। সামাজিক বৈষম্য না কমলে আমি, আপনি, কেউই সুখে থাকতে পারবোনা।

সরকার গণমাধ্যমে কণ্ঠরোধ করছে উল্লেখ করে জাফরুল্লাহ বলেন, আজকের সাধারণ মানুষ যেমন পর্যুদস্ত। আমরা প্রত্যেকেই অবহেলিত এবং পর্যদুস্ত। যারাই তাদের কথা বলতে চাইবে, ডিজিটাল নিরাপত্তা আইনের মাধ্যমে তাদের মুখ বন্ধ করে দেওয়ার চেষ্টা সরকারের। সরকার উপলব্ধি করে না সত্যটাকে কাছে আনলে সরকারের পরিকল্পনা অনেক সহজ হতো। সরকার তা না করে, যে সত্যটা তুলে ধরতে চাইবে, তার কণ্ঠরোধ করা হচ্ছে। এই কণ্ঠরোধ করাটাই একদিন ওই রাজনীতিবিদকে কারাগারে নিয়ে যাবে। আমাদের জাতির সামনে কঠিন বিপদ আসছে। প্রতিটি ক্ষেত্রে

সুবিবেচনা এবং সাহসের ক্ষেত্রে মোকাবিলা না করলে, জনসাধারণকে সম্পৃক্ত না করলে, এ সমস্যার সুরাহা হবে না।

করোনা টিকা উৎপাদন প্রসঙ্গে ডা. জাফরুল্লাহ বলেন, ভ্যাকসিন আসলে কে কয়টা পাবেন, সেটা আপনারা দেখেছেন। আমি মনে করি, এ কাজ অনেক সহজ হতো, সরকার যদি ড. মুহাম্মদ ইউনূসকে এ কাজে সম্পৃক্ত করতো। কম্পোলসারি লাইসেন্স বলে একটা নিয়ম আছে, এটা সুযোগ নিয়ে আমরা ব্যাপক আকারে ভ্যাকসিন তৈরি করতে পারি। আপনারা জানেন অক্সফোর্ডে পেনিসিলিন আবিষ্কৃত হয়েছিল। কিন্তু তারা কখনোই এটাকে প্যাটেন্ট করেনি। তারা মনে করেছিল জনসাধারণের জন্য পেনিসিলিন উন্মুক্ত থাকবে। পেনিসিলিন যে পাত্রে আবিষ্কার করা হয়েছিল, তার একটি পাত্র তারা গণস্বাস্থ্য কেন্দ্রকে দান করেছিন। প্রতীকী অর্থে তারা বলতে চেয়েছিল গণস্বাস্থ্যও যেন এসব কাজে সম্পৃক্ত থাকে।

ডা. জাফরুল্লাহ আরো বলেন, ‘আমি নিশ্চিত ড. ইউনুস এবং অন্যান্য নোবেল লরিয়েটরা যদি অক্সফোর্ডকে বলতো, তোমরা অতীতের মতো সহযোগিতা করো আমরা আমাদের দেশেই করোনার ভ্যাকসিন তৈরি করি। দেশীয় গ্লোবের করোনার ভ্যাকসিন এগিয়ে রয়েছে। আমরাও ইচ্ছা করলে ভ্যাকসিন তৈরি করতে পারি। তাহলে পর্যাপ্ত ভ্যাকসিন তৈরি হতো। দেশের প্রতিটা লোক ভ্যাকসিন পেত।

গণস্বাস্থ্য কেন্দ্রের অ্যান্টিবডি কিট তৈরির প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, আমরাই বিশ্বের প্রথম মার্চ মাসে এন্টিবডি কিট আবিষ্কার করেছিলাম। শেখ মুজিবুর রহমান বেঁচে থাকলে জড়িয়ে ধরে বলতেন, জাফরুল্লাহ জবর কাজ করেছ। কিন্তু সরকার আমাদের প্রতিটা পদে কাটা বিছিয়েছে। এখনো আমরা অ্যান্টিবডি কিটের অনুমোদন পায়নি। এরপর অনেক দেশ অ্যান্টিবডি কিট উৎপাদন করেছে। আমাদের কিটের অনুমোদন দিলে দেশ আর্থিকভাবে লাভবান হতো। এন্টিবডি কিট আবিষ্কার করতে আমাদের ১০ কোটি টাকা ক্ষতি হয়েছে। এ ১০ কোটি টাকা দিয়ে আমরা অনেক বেশি গরিব মানুষকে সাহায্য সহযোগিতা করতে পারতাম।

গণস্বাস্থ্য আবিষ্কৃত অ্যান্টিজেন কিট প্রসঙ্গে জাফরুল্লাহ বলেন, আমাদের বিজ্ঞানী ড. বিজন কুমার শীল অ্যান্টিজেন কিট আবিষ্কার করলেন। সরকার আমাদের কন্ডিশন দিল এ কিট আমেরিকা থেকে পরীক্ষা করিয়ে আনতে হবে। এতে আরো তিন কোটি টাকার প্রয়োজন। আজকে যদি এমন নিয়ম থাকতো তাহলে বাংলাদেশে ওষুধ নীতি হতো না। বাংলাদেশ পৃথিবীর প্রথম শ্রেণির ঔষধ উৎপাদনকারী দেশ হতে পারত না।

সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন গণস্বাস্থ কেন্দ্রের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মঞ্জুর কাদির আহমেদ, ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া প্রমুখ।

এক দশকে অপরাধ নির্মূলের সবচেয়ে আলোচিত বছর ২০২০

২০২০ এর পুরো সময়কে গেল এক দশকে অপরাধ কিংবা অপরাধ নির্মূলের সবচেয়ে আলোচিত বছর ধরা হয়। অবৈধ ক্যাসিনো ব্যবসার রেশ শেষ হতেই, পাপিয়া কাণ্ডসহ নানা অপরাধ নির্মূলের শুদ্ধি অভিযান বছরজুড়ে বেশ আলোচিত।

করোনাকালেও মাথাচাড়া দিয়ে ওঠা মাদক নির্মূলে অভিযান শেষ না হতেই একের পর এক ধর্ষণের ঘটনা দেশবাসীকে আরো অস্থির করে তোলে। অস্থিরতার আগুনে ঘি ঢেলে দেশকে আরো উত্তপ্ত করে কক্সবাজারে পুলিশের গুলিতে অবসরপ্রাপ্ত মেজর সিনহা হত্যাকাণ্ড।

২০২০ সাল দেশের জন্য যতটা অপরাধবহুল, মহামারির আবির্ভাব ততটাই নির্মম আর আলোচিত করেছে শতাব্দীর ইতিহাসকে। বছরের শুরুতেই ক্যাসিনোকাণ্ডের মূলোৎপাটন শেষ হতেই উঠে আসে মাদক আর বাইজী সম্রাজ্ঞী পাপিয়াকাণ্ড।

২২ ফেব্রুয়ারি স্বামী সহযোগীসহ পাপিয়া র্যাবের হাতে ধরা পড়লে দেশজুড়ে সমালোচনার জন্ম দেয় তার পাপের সম্রাজ্য। বিপুল পরিমান অবৈধ অর্থ আর পাচঁতারকা হোটেলের প্রায় কোটি টাকার প্রেসিডেন্সিয়াল স্যুটের আলোচনা রাজধানী থেকে সীমান্ত জনপদেও আলোড়ন তোলে।

মার্চে পাপিয়ার সম্রাজ্যে ধ্বস নামতেই, মানব সম্রাজ্যকে সংক্রমিত করে ভয়াল ত্রাসের ছোবল বসায় মহামারি করোনা। সুদূর চীন থেকে ইতালি আমেরিকা হয়ে বাংলাদেশ। দুর্নীতির নতুন রুপ দেখে বাংলাদেশ। মানবিক এই সময়টাতেও করোনা থেকে রক্ষার ঢাল মাস্কের কৃত্তিম সংকটে বিপুল অর্থ তুলে নেয় অসাধু চক্র।

দেশবাসী অসততার চুড়ান্ত রুপ দেখে করোনা টেস্ট শুরুর কিছুদিনের মধ্যেই। নমুনা নিয়ে টেস্ট না করিয়েই হাজার হাজার মানুষকে ভুয়া রিপোর্ট দিয়ে পুরো দেশকেই সংক্রমণ ঝুঁকিতে ফেলে দেয় বেসরকারি রিজেন্ট হাসপাতাল আর জেকেজি হেলথকেয়ার।

রিজেন্ট মালিক সাহেদ প্রতারণায় বহুমুখী প্রতিভা দেখিয়ে এমএলএমসহ তথাকথিত নানা ব্যবসার মাধ্যমে মানুষকে ঠকিয়ে হাতিয়েছেন শত শত কোটি টাকা। একসময় বনে যান রাজনৈতিক বিশ্লেষকও। অবশেষে জালিয়াতিতেই কারাগারের বাসিন্দা হন তিনি। একইভাবে করোনায় ব্যাপক আলোচনার জন্ম দিয়ে ধরা পড়েন টেস্ট জালিয়াতির খলনায়িকা জেকেজির ডা. সাবরিনাও। হাজারো মানুষকে ঝুঁকিতে ফেলে স্বামীসহ সাবরিনা দম্পতি এখন কারাগারে।

করোনাকালেও মাদক চোরাকারবারের অপবাদ থেকে এতটুকুও মুক্তি পায়নি দেশ। দেশজুড়ে অভিযান আর মাদকের ব্যবসা সবই চলে দেদারছে। সিলেট এমসি কলেজে গৃহবুধূকে ধর্ষণ, নোয়াখালীতে আরেক গৃহবধূকে বিবস্ত্র করে অমানবিক নির্যাতন ও ধর্ষণের ঘটনায় ফুঁসে ওঠে দেশ। একের পর এক ধর্ষণের ঘটনায় রাস্তায় নেমে আসে প্রতিবাদী মানুষ।

জুলাইয়ে দেশব্যাপী ধর্ষণ বিরোধী জনরোষের আগুনে ঘি ঢেলে দেয় কক্সবাজারে অবসরপ্রাপ্ত মেজর সিনহা মো. রাশেদকে সন্দেহভাজন হিসেবে পুলিশ গুলি করে হত্যা করলে। এ ঘটনার উত্তাপ ছড়ায় দেশের আইনশৃঙ্খলাবাহিনী থেকে রাজনৈতিক অঙ্গন পর্যন্ত।

উত্তাপের আগুন আরো ছড়ায় সিলেট বন্দরবাজার ফাঁড়িতে পুলিশি নির্যাতনে রায়হানের মৃত্যুর ঘটনা। লালমনিরহাটে কোরআন অবমাননার গুজব ছড়িয়ে এক মুসল্লী যুবককে পিটিয়ে হত্যা করে নৃশংসভাবে পুড়িয়ে ফেলার ঘটনা শোকাহত করে পুরো দেশকে।

শোকের মাতম ছড়িয়ে পড়ে শরিয়তপুর ও ব্রাক্ষণবাড়িয়ার ২৬ বাংলাদেশিকে লিবিয়ায় আন্তর্জাতিক মানবপাচারকারী চক্র ব্রাশফায়ারে হত্যা করলে। অপরাধের রাশ টেনে আদাবর মাইন্ড কেয়ারে চিকিৎসাধীন সিনিয়র এএসপি আনিসুলকে পিটিয়ে হত্যার ঘটনা।

বছরজুড়ে নানা অপরাধের লাগাম টানতে জনদাবির মুখে সংশোধিত হয় ধর্ষণ রোধে ফাঁসির দণ্ড। সিলেটে রায়হান হত্যার মূল অভিযুক্ত এসআই লিয়াকত। রায় আসে বরগুনায় চাঞ্চল্যকর রিফাত শরীফ হত্যাকাণ্ডেরও। চার্জশিট দেয়া হয় সিনহা হত্যাকাণ্ডসহ বেশ কয়েকটি আলোচিত মামলার।

সূত্র : নিউজ টোয়েন্টিফোর।

“মুজিবনগরে বিশ্ববিদ্যালয়” অনুমোদন দেওয়ায় শিক্ষক পরিবারের আনন্দ র্যালী

মেহেরপুরে মুবিজনগর বিশ^বিদ্যালয় অনুমোদন দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা জানিয়ে আনন্দ র্যালী করেছে মেহেরপুর শিক্ষক পরিবার।

সোমবার সকালে ড. শহীদ সামসুজ্জোহা পার্ক থেকে এই আনন্দ র্যালী শুরু হয়ে জেলা প্রশাষকের কার্যালয়ে গিয়ে শেষ হয়।

পরে সেখানে সংক্ষিপ্ত বক্তব্য দেন শিক্ষক পরিবারের সদস্যরা। বক্তব্যে মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনকে অভিনন্দন জানান বক্তারা।

বক্তব্য দেন জেলা শিক্ষা অফিসার মাহাফুজুল হোসেন, সদর উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেন। এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রধান শিক্ষক ফোরামের সভাপতি উজলপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইদ্রীস আলী, সাধারণ সম্পাদক আর আর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামানসহ মেহেরপুর জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণ।

ঝড়ের কবলে ফ্রান্স, হাজার

হাজার পরিবার অন্ধকারে

ঝড় ‘বেল্লার’ তাণ্ডবে বিপর্যস্ত ফ্রান্স। বেল্লার কবলে প্রবল বৃষ্টিপাত এবং দমকা বাতাসে বিদ্যুৎহীন হয়ে পড়েছেন দেশটির হাজার হাজার পরিবার। ফ্রান্স টোয়েন্টিফোর এক প্রতিবেদনে এ খবর জানায়। এছাড়া ঝড়ের কারণে বিলম্বিত হয়েছে দেশটির বহু ফ্লাইট।

গণমাধ্যমটি বলছে, উত্তর ফ্রান্সের ব্রিটানি এবং নরমান্ড অঞ্চলে প্রায় ১২ হাজার এবং ক্যালাইস প্রদেশে ছয় হাজারের বেশি পরিবার বিদ্যুৎহীন হয়ে পড়ে।

এসব জায়গায় দেশটির বিদ্যুৎ সংস্থা এনেডিস পুনরায় বিদ্যুৎ সরবরাহ শুরু করেছে। তবে এখনও বিদ্যুৎহীন ফ্রান্সের পূর্ব এবং মধ্যাঞ্চলে ৩৪ হাজার পরিবার।

এ সপ্তাহেই ভাসানচরে যাচ্ছে রোহিঙ্গাদের দ্বিতীয় দল

আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে কক্সবাজারের শরণার্থী শিবির থেকে রোহিঙ্গাদের দ্বিতীয় একটি দলকে ভাসানচরে স্থানান্তর করা হচ্ছে। এর আগে গত ৪ ডিসেম্বর ১ হাজার ৬৪৫ জন রোহিঙ্গা শরণার্থীকে কক্সবাজারের ক্যাম্প থেকে ভাসানচরে স্থানান্তর করা হয়।

এ তথ্য জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান। তবে এ সপ্তাহের কোন দিন কিংবা এ দফায় কতজন রোহিঙ্গাকে সেখানে স্থানান্তর করা হচ্ছে, সে সংখ্যা জানাননি তিনি।

এর আগে বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, দ্বিতীয় দফায় এক হাজার শরণার্থীকে ভাসানচরে নেয়া হবে।

প্রতিমন্ত্রী মোহাম্মদ এনামুর রহমান বলেছেন, ‘রোহিঙ্গাদের আরেকটি দল ভাসানচরে পাঠানোর প্রক্রিয়া চলছে। প্রধানমন্ত্রীর

কার্যালয় বিষয়টির নেতৃত্ব দিচ্ছে।’

বিভিন্ন মানবাধিকার সংস্থার আপত্তির মধ্যেই তখন ওই রোহিঙ্গাদের প্রথমে বাসে করে চট্টগ্রামে নেয়া হয়, এরপর সেখান থেকে তাদের নৌ বাহিনীর জাহাজে করে ভাসানচরে পাঠানো হয়।

মারা গেছেন দেওয়ানবাগী পীর

দেওয়ানবাগ দরবার শরিফের পীর দেওয়ানবাগী আর নেই। আজ সোমবার ভোর ৬টা ৪৮ মিনিটে তিনি ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭০।

জানা গেছে, ভোরের দিকে তিনি নিজ বাসায় স্ট্রোক করেন। পরে তাকে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে নেয়া হয়। সেখানে ডাক্তাররা তাকে মৃত ঘোষণা করেন।

দেওয়ানবাগ শরিফের ওয়েবসাইটের তথ্যানুযায়ী, দেওয়ানবাগী পীরের নাম মাহবুব-এ খোদা। তবে তিনি ‘দেওয়ানবাগী’ নামে পরিচিত। ১৯৪৯ সালের ১৪ ডিসেম্বর ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জ উপজেলার বাহাদুরপুর গ্রামে তিনি জন্মগ্রহণ করেন।

তার বাবার নাম সৈয়দ আবদুর রশিদ সরদার। মা সৈয়দা জোবেদা খাতুন। ছয় ভাই দুই বোনের মধ্যে তিনি সবার ছোট। নিজ এলাকার তালশহর কারিমিয়া আলিয়া মাদ্রাসা থেকে ফাজিল পর্যন্ত পড়াশুনা করেন।

ফরিদপুরে চন্দ্রপাড়া দরবারের প্রতিষ্ঠাতা আবুল ফজল সুলতান আহমেদ চন্দ্রপুরীর হাতে বাইয়াত গ্রহণ করেন দেওয়ানবাগী পীর। এরপর তার মেয়ে হামিদা বেগমকে বিয়ে করেন, এর সুবাদে শ্বশুরের কাছ থেকে খিলাফত লাভ করেন।

খোকসা পৌরসভার ভোট গ্রহণ শুরু

কুষ্টিয়া খোকসা পৌরসভা নির্বাচনে ভোটগ্রহণ শুরু হয়েছে। আজ সকাল ৮ টায় পৌরসভার নয়টি ভোটকেন্দ্রে একযোগে এ ভোট গ্রহণ শুরু হয়।

এবার প্রথমবারের মতো এ পৌরসভায় ইলেকট্রনিক ভোটিং মেশিন বা ইভিএম পদ্ধতিতে ভোট দিচ্ছেন ভোটাররা। সকালে পৌর ভবন সহ বেশ কয়েকটি কেন্দ্রে ঘুরে ভোটারদের উপস্থিতি লক্ষ্য করা গেছে।

তবে ভোটকেন্দ্রগুলোতে পুরুষ ভোটারের তুলনায় নারী ভোটারের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে এ ভোট গ্রহণ শুরু হলেও ভোট কেন্দ্রগুলো ঘুরে বেশিরভাগ কেন্দ্রে বিএনপি মনোনীত প্রার্থীর এজেন্ট খুঁজে পাওয়া যায়নি।

খোকসা পৌরসভা নির্বাচনে এবার মেয়র পদে দুইজন প্রার্থী নির্বাচনে অংশ নিচ্ছেন। এরা হলেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী তারিকুল ইসলাম এবং বিএনপি মনোনীত প্রার্থী রাজু আহমেদ।

এছাড়া এ পৌরসভার কাউন্সিলর পদে ৩১ জন এবং সংরক্ষিত মহিলা কাউন্সিলর পদে ১০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এ পৌরসভার মোট ভোটার সংখ্যা ১৪ হাজার ৯৪০ জন।

কুষ্টিয়ায় র্যাবের অভিযানে চরমপন্থী সংগঠনের সদস্য আটক

কুষ্টিয়ায় অভিযান চালিয়ে অস্ত্রগুলিসহ রাশিদুল ইসলাম (৪৫) নামের এক চরমপন্থী সংগঠন গনমুক্তি ফৌজের সদস্যকে আটক করেছে র্যাব সদস্যরা।

রবিবার রাতে কুষ্টিয়া সদর উপজেলার কাঞ্চনপুর ইউনিয়নের ভবানীপুর

এলাকা থেকে তাকে আটক করা হয়।

এসময় ১ টি বন্দুক, ১ টি পিস্তল,১৭ রাউন্ড গুলি, ৪ টি হাসুয়া ও ৪ টি ঢাল উদ্ধার করা হয়।

আটককৃত রাশিদুল ইসলাম কুষ্টিয়া সদর উপজেলার কাঞ্চনপুর ইউনিয়নের ভবানীপুর গ্রামের মৃত তোরাব আলীর ছেলে।

র্যাব-১২ সিপিসি-১ এর কোম্পানী কমান্ডার মেজর গাফ্ফারুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়া সদর উপজেলার কাঞ্চনপুর ইউনিয়নের ভবানীপুর গ্রামে অভিযান চালিয়ে চরমপন্থী সংগঠন গনমুক্তি ফৌজের সদস্য রাশিদুল ইসলামকে ১ টি বন্দুক, ১ টি পিস্তল,১৭ রাউন্ড গুলি, ৪ টি হাসুয়া, ৪ টি ঢাল সহ আটক করা হয়েছে।

তার বিরুদ্ধে এলাকায় হত্যা, গুম, চাদাবাজি, অপহরন, নারী লুষ্ঠন সহ বিভিন্ন ধরনের অপকর্ম সহ তার বিরুদ্ধে ৫ টি হত্যা মামলা ও ১ টি সাধারন ডায়েরী রয়েছে।

তার বিরুদ্ধে মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলেও জানান তিনি।

দর্শনায় কর্মমুখী প্রশিক্ষণের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় তিন মাস ব্যাপী সুইং মেশিন, মোবাইল সার্ভিসিং ও ইলেট্রিক্যাল ইসলেশন মেইন্টেনেন্স প্রশিক্ষণের এর উদ্বোধন হয়েছে।

ওয়েভ ফাউন্ডেশনের বাস্তবায়নে ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন পিকেএস এফের সহযোগিতায় প্রশিক্ষণের উদ্বোধন করেন ওয়েভ ফাউন্ডেশনের নিবার্হী পরিষদের সচিব বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক।

এ প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ওয়েভ ফাউন্ডেশনের সাধারণ পরিষদের সদস্য বীর মুক্তিযোদ্ধা মহাসীন আলী, বীর মুক্তিযোদ্ধা বদরুল আলম ফিট্টু, এ্যাভোকেট কাজল মাহমুদ,

প্রশিক্ষণ বিভাগের উপ-পরিচালক জহির রায়হান ও একই বিভাগের অধ্যক্ষ আব্দুস সালাম।

এছাড়া উপস্থিত ছিলেন, ১ম ব্যাচের রাকিবুল ইসলাম ও চতুর্থ ব্যাচের প্রশিক্ষণার্থী বর্তমান উদ্যোগতা রূপা খাতুন, প্রশিক্ষণার্থীদের মধ্যে নিশাদ খান, হেনা খাতুন ও মিরাজ উদ্দিন ও ৩টি ব্যাচে ৭৫ জন বেকার কিশোর-কিশোরী।

এসব প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণ শেষে চাকুরী অথবা নিজেই তাদের প্রতিষ্ঠান গড়ে তুলতে পারবে বলে বক্তারা বলেন। প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করবেন সুইং মেশিন আপারেশনে রাশিদা খাতুন ও হাসনা জাহান, মোবাইলের প্রশিক্ষণ দেবেন আমিনুল কাশেম ও শাহাদত হোসেন সেতু এবং ইলেকট্রিক্যাল বিষয়ে শামীম রেজা।

অনুষ্ঠান পরিচালনা করেন মনিরুল ইসলাম।

হরিণাকুণ্ডে নৌকার মাঝি ফারুক

আগামী ৩০ জানুযারি অনুষ্ঠিতব্য আসন্ন পৌর সভার তৃতীয় ধাপের নির্বাচনে ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভায় আওয়ামী লীগের নৌকা প্রতীকের প্রার্থী হিসেবে মনোনয়ন পেয়েছেন ফারুক হোসেন।

গতকাল শনিবার বিকেলে গণভবনে দলটির মনোনয়ন বোর্ডে সভা শেষে রাতে এ প্রার্থীর নাম ঘোষণা করা হয়।

ফারুক হোসেন পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার ১নং ওয়ার্ডের কাউন্সিলর হিসেবে দায়িত্ব পালন করছেন। এছাড়া তিনি ২০০২ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত উপজেলা ছাত্রলীগের সভাপতির দায়িত্বে ছিলেন।

সাবেক এই ছাত্রনেতা একজন পরিচ্ছন্ন নেতা হিসেবে ইতোমধ্যে সাধারণ মানুষের মাঝে ব্যপক আস্থা ও জনপ্রিয়তা অর্জন করতে সক্ষম হয়েছে। এছাড়া বিভিন্ন সময়ে দলের দুর্দিনে রাজপথে তার সাহসী ভূমিকার কারণে বেশ কয়েকবার নির্যাতিত হয়েছেন ও কারাবরণ করেছেন। ১/১১ পরবর্তী সময়ে জননেত্রী শেখ হাসিনার মুক্তি আন্দোলনেও ব্যাপক

ভূমিকা রেখেছেন তিনি। তার এ মনোনয়নে তৃণমূল নেতাকর্মীদের মাঝে ব্যপক উৎসাহ উদ্দীপনার সৃষ্টি হয়েছে।

তরুণ সাহসী এই নেতাকে দলীয় মনোনয়ন দেওয়ায় গতকাল রবিবার দিনভর শহরের পাড়া মহল্লায় দলীয় নেতাকর্মী, সাধারণ মানুষের মধ্যে উচ্ছাস ও আনন্দ প্রকাশ করতে দেখা গেছে এবং তারা প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়েছেন ।